আমরা যেখানে বসবাস করি তার চাপাশে যা কিছু আছে সেই সব কিছুকেই নিয়ে গঠিত হয় পরিবেশ। পরিবেশের উপাদান গুলিকে দুই ভাগে ভাগ করা যায়। যেমন জীব ও জড়। যে সব প্রাণীদের প্রাণ আছে তাদের বলে জীব এবং যে সব প্রাণীদের প্রাণ নেই তাদের জড় বলে। আবার পরিবেশকে দুই ভাগে ভাগ করা যায়। যেমন - প্রাকৃতিক পরিবেশ ও কৃত্রিম পরিবেশ। প্রকৃতি থেকে যেসব জিনিস সৃষ্টি হয় তাকে বলে প্রাকৃতিক পরিবেশ। মানুষের তৈরী জিনিস দিয়ে যে পরিবেশ সৃষ্টি হয় তাকে কৃত্রিম পরিবেশ বলে। পরিবেশকে সুন্দর করে তুলতে হলে বেশি করে গাছ লাগাতে হবে। যেখানে সেখানে নোংরা আবর্জনা ফেলা যাবে না। নানা রকম নোংরা আবর্জনা পুকুর, নদীতে পড়ে সেখানকার জলকে নোংরা করে তোলে। পরিবেশ যদি ভালো না থাকে আমরা ভালো থাকবো না। পরিবেশকে দূষণমুক্ত করা আমাদের সবার কর্তব্য।



# Children's Day



# Mother's Day Celebration





## ELEPHANT

Elephants are the largest existing land animals. They are found mostly in dense forests and are always found in groups. The elephants are black in colour with a small tail, two big ears, thick legs, a trunk, and two little eyes. The teeth of elephants are very costly and are referred to as tusks.

**Bipasha Das**  
Class - IV  
(E.M.)

## INDIAN CULTURE

Indian culture and traditions are popular all over the world. Various art forms, such as dance, painting and music are also a part of India's heritage.

It is believed that India has preserved tradition and cultures for centuries.

Indian cultures and traditions encourage every one to remain peacefully humble and respect other in society.

**Bibek Das**  
Class - IV  
(E.M.)



## “শকুন বিলুপ্তির কারণ”

দিয়ান রায় - (III)

প্রকৃতির সাফাই কর্মী হল শকুন। একসময় আকাশের দিকে তাকালে বোঝাই যেত না কতগুলি শকুন আছে। ভারতে মোট ৯ রকম শকুনের প্রজাতি পাওয়া যেত তার মধ্যে বেশির ভাগ প্রজাতি বিলুপ্তির পথে। ১০ দশকে প্রায় চার কোটি শকুন ছিল। কিন্তু বর্তমানে এই সংখ্যা এতটাই কমেছে যে শকুনের সংখ্যা মাত্র ৪০ হাজার থেকে ১০ হাজার। এই দ্রুত শকুনের বিলুপ্তির কারণ ডাইক্লোফেনাক ও কিটো প্রমেশ নামক ওষুধের ব্যবহার। এই ওষুধ পশুদের পক্ষে ভালো হয়ে থাকলেও শকুনের জন্য খুব মারাত্মক ওষুধ। শকুন একমাত্র পাখি যে অনেক প্রকার জীবানুকে হজম করতে পারে। কিন্তু ডাইক্লোফেনাক ও কিটোপ্রফেন ওষুধ গুলি এতই মারাত্মক যে এগুলি হজম করতে গিয়ে কিডনি নষ্ট হয়ে ১ থেকে ৩ দিনের মধ্যেই শকুন মারা যায়। সারা বিশ্বে শকুন বিলুপ্তির হাত থেকে বাঁচাতে প্রতিবছর সেপ্টেম্বর মাসের প্রথম শনিবার আন্তর্জাতিক শকুন সচেতন দিবস হিসেবে পালন করা হয়।



## “গাছ বিষয়”

জয়শ্রী রায় - (IV)


গাছ অনেক ধরনের হয়। গাছ থেকে আমরা ফুল ও ফল পাই। গাছে পাখিরা বাসা বাঁধে। তুলসী গাছের পাতা খেলে সর্দি - কাশি দূর হয়। গাছ আমাদের অক্সিজেন দেয়। রোদ উঠলে গাছ আমাদের ছায়া দেয়। গাছ ছাড়া আমরা একমিনিটও বেঁচে থাকতে পারব না। গাছ আমাদের খুব ভালো বন্ধু। প্রাণীরা খাদ্যের জন্য গাছের উপর নির্ভরশীল, বীজ থেকে গাছ জন্মায়, গাছের রান্নাঘর পাতাকে বলা হয়। সুন্দর বনে সুন্দরী গাছ আছে। ফনীমনসা গাছের কোনো পাতা নেই। লজ্জাপতি গাছ লজ্জা পেয়ে বুজে যায়। গোলাপ ফুলের গাছের কাটা আছে। সাবাই ঘাসের পাতা থেকে কাগজ তৈরি হয়। গাছের ডাল দিয়ে আমরা আঙুন জ্বালাই। আমাদের পরিবেশকে সুন্দর রাখার জন্য বেশি গাছ লাগাতে হবে। গাছের যত্ন নিতে হবে। গাছ আমাদের একটি গুরুত্বপূর্ণ অংশ গাছ লাগালে, প্রাণ বাঁচবে।





## “একটা ঝড়ের রাত”

স্নেহা রায় - (III)

আজ দুপুর থেকে আকাশে কালো মেঘ জুটেছে। আকাশটা কেমন যেন থমথমে। আকাশের এক কোণে কালো মেঘ জমেছে। সন্ধ্যের পর থেকেই একটু একটু করে বাতাসের বেগ বাড়ছে। কেমন যেন একটু অন্যরকম প্রকৃতি। আকাশে বিদ্যুতের চমক। খুব ঘন ঘন সেই সাথে মেঘের গর্জন। এই রকম চলতে চলতে হঠাৎই কারেন্ট চলে গেল। কিছু বুঝে ওঠার আগেই সবকিছু কেমন যেন ওলট-পালট হয়ে গেল। দমকা হাওয়া সেই সাথে বৃষ্টি। তখন প্রায় রাত আটটা বাজে। প্রবল বেগে এক একবার আসছে। পরের বার আরও জোরে জানালা দরজা বন্ধ করার সময়ই নেই। - তার আগেই ঝড়, জল বাতাসে আমাদের ঘড় লগু - ভঙ হয়ে গেল। আমরা ঘড়ের মধ্যেই চুপটি করে বসে থাকলাম। ভয়ে গলা দিয়ে আওয়াজ বেরই হচ্ছিল না। এমন করেই অনেকটা সময় কেটে গেল। শেষে যখন ঘুমোতে যাব তখন ঘড়িতে প্রায় রাত ১০-৩০ বাজে।





## मुखर्ष कछुआ

एक तालाब में एक कछुआ रहता था। वह बहुत बोलता था। उसी तालाब में दो हंस रोज पानी पीने आया करते थे। उन तीनों में मित्रता थी।

एक बार वर्षा न होने के कारण तालाब सूख गया और पक्षी मरने लगे। हंसों ने दूसरी जगह उड़कर जाने के लिए सोचा।

यह बात उन्होंने अपने मित्र कछुए को बताई।

हंसों की बात सुनकर कछुए रोने लगा। उसने उनसे कहा किसी तरह वे उसे भी ले जाएं। बहुत सोचने के बाद कछुए को एक तरकीब सूझी। उसने हंसों से एक छड़ी लाने को कहा और बोला मैं इस छड़ी को मुँह से बीच में पकड़कर लटक जाऊँगा और तुम इस छड़ी को दोनों ओर से पकड़कर उड़ जाना। हंसों ने ऐसा ही किया। पर कछुए को सावधान करते हुए कहा कि उड़ते समय तुम जरा भी मत बोलना वरना पकड़ ढीली होने पर तुम गिर जाओगे। कछुए ने वादा किया वह बिल्कुल नहीं बोलेगा। हंस छड़ी को पकड़कर उड़ने लगे।

कुछ ही देर में तीनों आकाश में उड़ रहे थे। नीचे लोगों ने उन्हें इस प्रकार उड़ते देखा तो चिल्लाने तथा शोर करने लगे। कछुए को गुस्सा आ गया।

वह गुस्से में कहना चाहता था कि नगर के लोग कितने मुखर्ष हैं, शोर कर रहे हैं। उसने ऐसा कहने के लिए जैसे ही मुँह खोला, वह धड़ाम से नीचे आ गिरा। कहते हैं जो लोग दूसरों की बात ठीक न मानकर मनमानी करते हैं उनका यही हाल होता है।

संदेश :- हमें अपने मित्रों एवं बड़ों की बात अवश्य माननी चाहिए।

**Khushi Roy**  
**Class - IV**  
**Roll No. - 1 (E.M.)**

## ESSAY ON CATS

Cats are really cute. Most of the cats like to drink milk and they Like to eat fish. Cats are afraid of dogs. Cats have really much fur. Some cats love to play with balls. Cats have nine lives. Cats love warm places. Cats are little bit messy. Cats nails are sharp. Cats can see in the dark. Some cats love to bath.



**Soham Adhikari**  
**Class - IV**  
**(E.M.)**

## “আমি একজন মা”

শোভা বর্মণ,


সহ-সভাপতি, জ্ঞানজ্যোতি এ্যাকাডেমি



আমার যখন ২৮ বছর বয়স তখন আমার প্রথম সন্তানের (কন্যা) জন্ম। সেই সময় আমি একটি সরকারি সংস্থায় কর্মরতা। সরকারি নিয়ম অনুযায়ী সন্তান জন্ম দেওয়ার জন্য আমি ছ মাসের সবেতন ছুটি পেতাম। কিন্তু আমার সন্তানের ঠিক মতো দেখাশোনা ও প্রতিপালন করার জন্য আমি বিনা বেতনে আরো দেড় বছর ছুটি নিয়ে আমার শিশুর শারীরিক ও মানসিক বিকাশ যাতে ঠিকমতো হয় তার জন্য সময় দিতাম। এখানে একথা না বললেই নয় যে সেই সময় আমি যে বেতন পেতাম তার আর্থিক মূল্য খুব কম ছিলো না। কিন্তু সন্তানের ভবিষ্যৎ গড়ার জন্য আমার কাছে সেই অর্থের মূল্য কখনোই বড় মনে হয় নাই। এর পর যখন মেয়ের বয়স তিন বছর এবং ওকে স্কুলে ভর্তি করার সময় ঠিক তখনই আমার কর্মক্ষেত্রে পদোন্নতির সুযোগ আসে। আরও একবার আমার মানসিক দ্বন্দ্ব শুরু হয়ে যায় - অর্থ ও সামাজিক প্রতিপত্তি, না আমার সন্তানের উজ্জ্বল ভবিষ্যৎ। সেবারেও আমি আমার সন্তানের ভবিষ্যৎকেই প্রাধান্য দিয়ে পদোন্নতিকে প্রত্যাখান করে ছিলাম, কারণ আমি জানতাম যে পদোন্নতি মানেই কর্মক্ষেত্রে আরো বেশি কাজের দায়িত্ব পালন ও স্বাভাবিক ভাবেই সংসারের জন্য সময়ের অভাব। আমি একজন সরকারি চাকুরীরতা মহিলা হওয়া সত্ত্বেও সন্তানের প্রতি আমার কর্তব্য পালনে সদা তৎপর ছিলাম। মেয়েকে স্কুলে যাওয়ার জন্য তৈরি করা থেকে শুরু করে বইপত্র গুছিয়ে দেয়া, স্কুলে কি কি পড়ানো হয়েছে ও কি কি বাড়িতে পড়তে / লিখতে দিয়েছে সেটা ঠিক মতো করে দেয়া। শুধু তাই নয়, মেয়ে কোন বন্ধুবান্ধবদের সঙ্গে মেলামেশা করে সেটাও লক্ষ্য করতাম যেন সে কখনোই বিপথগামী হতে না পারে। আমার খুব ভালো মনে পড়ে আমার মেয়ের জন্মের পর পরই আমাদের বাড়িতে প্রথম টিভি কেনা হয়। তখনকার দিনে “হামলোক” ও “রামায়ণ” সিরিয়াল দুটি খুবই জনপ্রিয় ছিল। আমরাও নিয়মিত দেখতাম। কিন্তু আমার মেয়ে যখন স্কুলে ভর্তি হয় তারপর থেকে ইচ্ছার বিরুদ্ধে সিরিয়াল দুটি দেখা বন্ধ করেছিলাম যাতে মেয়ের পড়াশোনায় মনোসংযোগে কোন ব্যাঘাত না ঘটে।

আমার মেয়ের জন্মের ঠিক ছ বছর পর আমার দ্বিতীয় সন্তানের (আমার ছেলের) জন্ম হয়। তখনও এভাবেই আমি আমার লড়াই চালিয়ে যাই। বরং দুই সন্তান, চাকরি ও আমার বৃদ্ধা শাশুড়ি মায়ের দেখাশুনা (কারণ কর্মসূত্রে আমার স্বামী সবসময় বাইরে থাকতেন) সবকিছু মিলে আমার লড়াইয়ের মাত্রাটা আরো অনেক বেড়ে যায়। আমার ছেলে যখন নবম শ্রেণীতে পড়তো সেই সময় আমাদের বাড়িতে রঙ্গিন টেলিভিশন ছিল এবং “কেবল লাইন” লাগানো ছিল যাতে বিভিন্ন টিভি চ্যানেল দেখতে পাওয়া যায়। মেয়ে ততোদিনে ইঞ্জিনিয়ারিং পড়তে হোস্টেলে চলে গেছে কিন্তু বিভিন্ন টিভি সিরিয়াল দেখতে গিয়ে যাতে ছেলের পড়াশোনার কোন ক্ষতি না হয় সেজন্য আমরা পরবর্তী চার বছরের জন্য “কেবল লাইন” এর সংযোগ বিচ্ছিন্ন করে দেই এবং ছেলে যখন মেডিকলে ভর্তি হওয়ার সুযোগ পায় তার পরেই পুনরায় “কেবল লাইন” চালু করি। শুধু তাই নয়, উচ্চ মাধ্যমিকে পড়ার সময় ছেলের স্কুলের পড়াশোনা ছাড়াও বিভিন্ন বিষয়ে প্রাইভেট টিউশনের জন্য সকাল বিকাল ছেলেকে নিয়ে বিভিন্ন জায়গায় ছোট্ট ছুটি করতে হতো। এভাবেই আমি আমার ছেলে ও মেয়ের জন্য কায়িক ও মানসিক ত্যাগ স্বীকার করতে পেরেছিলাম বলেই আজ ঈশ্বরের কৃপায় ওরা দুজনেই তাদের নিজ নিজ ক্ষেত্রে সফল হতে পেরেছে।

পরিশেষে আমি আমার জীবনের অভিজ্ঞতা থেকে এটুকুই বলতে পারি যে মায়েরা যদি তাদের সাময়িক সুখকে বিসর্জন দিয়ে প্রথম থেকেই সন্তানের প্রতিপালনে যত্নবান হন তাহলে অবশ্যই প্রতিটি সন্তান বড় হয়ে প্রকৃত অর্থে সফলতা লাভ করবে এ বিষয়ে কোনো সন্দেহই নেই। আমাদের একটা কথা মনে রাখতে হবে শিশুরা যতটা না তাদের পিতা মাতার আদেশ পালন করতে পছন্দ করে তার থেকে অনেক বেশি বাবা-মায়ের আচরনকে অনুসরণ করে। তাই সন্তানের সামনে আমাদের কখনোই কোনো খারাপ আচরন করা উচিত নয়।







Honaj Banna  
class - I

## “ শিক্ষা ও সহ পাঠক্রমি বিষয় ”

শ্রেয়সী বিশ্বাস

শিক্ষিকা

এডুকেশন বা শিক্ষা হল আমাদের জাতির মেরুদণ্ড, বলা যেতে পারে শিক্ষা হল আমাদের হাতের সেই অদৃশ্য অস্ত্র যার সাহায্যে প্রত্যেকটি মানুষ নিজের জীবনে এগিয়ে যেতে পারে প্রত্যেকটি পর্যায়ে। এই শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ হল “ বিদ্যালয় ”। গৃহশিক্ষা সঙ্গে বিদ্যালয়ে যে শিক্ষা প্রদান করা তা একটি ছোট শিশুকে পূর্ণাঙ্গ রূপে মানুষ সৃষ্টিতে সহায়তা করে। বিদ্যালয়ের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল প্রাইমারি শিক্ষা কারণ একটি শিশুর শিক্ষার ভিত্তি তৈরির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হল ছোট থেকে তার মধ্যে সামাজিক, চারিত্রিক, মানসিক প্রভৃতি বৈশিষ্ট্য গুলো কে ধীরে ধীরে যত্নসহকারে সাজিয়ে তোলা। সবসময় শুধু পুথিগত শিক্ষা একটি শিশুকে সম্পূর্ণ রূপে বেড়ে উঠতে সাহায্য করেনা, তার সাথে সহ পাঠ্যক্রমিক কার্যকলাপ ও প্রয়োজন। তাই আমাদের বিদ্যালয়ে সমস্ত শিশুদের পড়াশোনার সাথে নাচ, গান, আবৃত্তি ছবি আঁকা P.T. প্রভৃতি শেখানো হয়ে থাকে এবং বিভিন্ন অনুষ্ঠানে তারা এগুলি প্রদর্শন করে নিজেরা আনন্দিত হয় ও অন্যকেও আনন্দ দিয়ে থাকে।



## “ শিক্ষার সেকাল - একাল ”

ডাঃ তমাল প্রিয় বর্মণ

প্রাচীন ভারতবর্ষে শিক্ষা প্রদান করা হত গুরুকুল আশ্রমে। সেখানে একজন গুরু তার শিষ্যদের শিক্ষা দান করতেন। তখন ছিল না কোনো ব্ল্যাকবোর্ড, চক্, ইউনিট টেস্ট। শিক্ষা তখন ছিল খুব সহজ, সরল, সাবলীল। উদ্দেশ্য ছিল শিশুকে জীবন সংগ্রামের জন্য তৈরী করা।

বর্তমান যুগে শিক্ষার সংজ্ঞা অনেকটা বদলে গেছে। শিশুর জন্মের পর থেকেই তার জয়েন্টের কোচিং সেন্টার খোঁজা শুরু হয়ে যায়। র‍্যাঙ্ক এবং মার্কেট দৌড়ে অনেক ক্ষেত্রে শিশুর শৈশব ও সার্বিক গঠনকে উপেক্ষা করা হয়।

চিন্তাশীলতা মননশীলতা ও কৌতূহলকে অনেক ক্ষেত্রেই প্রাধান্য দেওয়া হয়না। আধুনিকতার প্রবাহে শিক্ষা এখন মানুষের কম্পিউটার, ট্যাবলেট ও ফোনেও এসে উপস্থিত হয়েছে। জ্ঞানের সমুদ্র এখন প্রযুক্তি ও ইন্টারনেটের দ্বারা মানুষের হাতের মুঠোয় চলে এসেছে। তবে সেই জ্ঞানসমুদ্র থেকে জলের কণা সঞ্চয় করার জন্য একজন শিক্ষকের সাহায্যের প্রয়োজন। সেই শিক্ষক শুধুমাত্র স্কুলের টিচার নন। শিশুর প্রাথমিক শিক্ষক তার পিতা, মাতা, যাদেরকে শিশু নিজের অবলীলায় অনুকরণ করে। জীবনের শিক্ষা, সমাজে নিজের অবস্থান ও তার ব্যবহারিক শিক্ষা স্কুলে পৌঁছানোর আগেই তৈরী হতে থাকে। সব শেষে আসে স্কুল যেখানে শিশু তার শিক্ষক ও পরিবেশ থেকে মূল্যবান শিক্ষা ও অভিজ্ঞতা অর্জন করে।

তথ্য ও প্রযুক্তি যতই লাফ দিয়ে দিয়ে মানুষের জীবনযাত্রায় পরিবর্তন আনুক শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্ব কোনোকালেই কমবে না। যুগে যুগে তার আকার ও ভঙ্গিতে পরিবর্তন আসতে পারে কিন্তু মানুষ গড়ার এই কাজটা এক চিরন্তন চলমান প্রক্রিয়া।

## **BLUE BABIES** **DR. APARNA BASUMATARY**

Children suffer from a range of different diseases from the common cold to the deadly leukemias. There are a few unfortunate ones who are born with a hole in their heart. Some of these babies with a hole in their heart are called blue babies because they turn blue due to lack of oxygen in their blood. Long back there were no treatments available for such condition. The unfortunate children would succumb to the disease in few days or few years after birth. However, in present day medical science has progressed such that these birth defects of the heart can be corrected by surgery.



The most common such birth defect is known as Fallot's tetralogy. Way back in 1940s two doctors by the names of Dr. Alfred Blalock and Dr. Helen Taussig were pioneers in devising surgery for correction of the defect. However, it was Vivien Thomas, the unnamed black laboratory surgical assistant of Dr. Blalock who was the brains behind the surgery and performed it for the first time on a dog. Thereafter in 1944, Dr. Blalock performed the surgery for the first time on a 15 month old baby named Eileen. In minutes after completing the operation the blue baby turned pink. Thus started a new era in medical science.

In our country due to huge social inequalities, many children with such conditions are diagnosed late and many do not receive appropriate surgery at the right time. This leads to many avoidable deaths of young children. Increasing social awareness and societal progress will lead to prevention of such losses in the coming days.



# School Picnic





## “पुस्तक”

मेरी पुस्तक रंग-बिरंगी,  
कहे कहानी यह सतरंगी ।

कहती बातें नई पुरानी,  
जैसे बोलें दादी-नानी ।

परीलोक की सैर कराती,  
कभी-कभी वो हमें डराती ।

हँसाती कभी रुलाती,  
दुनिया की हर बात बताती ।

**Shukla Saha Mandal**  
**T.I.C. (E.M)**

## Role and Duties of Teacher

Teachers have many responsibility towards children and School Teaching is the first duty of the teacher. The teacher should prepare lessons regularly. He/She must always try to improve Teaching Skills. Teachers should have excellent communication skills so that the students can understand everything and learn with care. Teachers should guide the students on the right path and help them to build their confidence. He/she is responsible for maintaining discipline in the classroom. The very important thing, teachers need to know is their students behaviour. They are responsible not just to teach syllabus but inspire students by exchanging thoughts, sharing a bond and being with them in every up and down.

A teacher plays various roles in designing the future of the students. He/she always see all the Students equally. This profession calls for a tremendous amount of patience and hardwork. Being ideal teacher does not simply mean lecturing students, they must actively participate in the work in order to keep them motivated.

TEACHER Stands for :-

- T - Truthful
- E - Exemplary
- A - Able
- C - Creative
- H - Helpful
- E - Encouraging
- R - Role-model.

**Shukla Saha Mandal**  
**T.I.C. (E.M)**

## “পরিবার, শিক্ষা এবং আমাদের ভবিষ্যৎ প্রজন্ম”

শোভা দাস সরকার

প্রধান শিক্ষিকা

সৃষ্ট শারীরিক, ও মানসিক ও সামাজিক বিকাশের সবচেয়ে গুরুত্বপূর্ণ পর্ব হচ্ছে শৈশব। শৈশবকালীন বিকাশ একজন মানুষের পরবর্তী জীবনে প্রত্যক্ষ প্রভাব ফেলে। প্রাক শৈশবে মা - বাবার সঙ্গে বন্ধন এবং প্রথম শিক্ষন অভিজ্ঞতা পরবর্তী সময়ে শারীরিক, বুদ্ধিবৃত্তিক, ও মানসিক বিকাশকে প্রভাবিত করে। তাদের মধ্যে নিরাপত্তাহীনতার অভাববোধ ও হতে পারে। যদিও অপূর্ণতা ছাড়া বেড়ে ওঠা শিশুর ক্ষেত্রে ও সেটি হওয়ার সুযোগ রয়েছে। সামগ্রিকভাবে শৈশবকালে শিশুদের হাতে বই ফেলার সামগ্রী তুলে দেওয়ার সাথে পরিপূর্ণভাবে বেড়ে ওঠার ক্ষেত্রে পরিবারের রয়েছে বিশাল দায়িত্ব।

আমরা অনেক সময় দেখি মা - বাবার সান্নিধ্য ছাড়াই বড় হচ্ছে শিশুদের একটি অংশ। এদের মধ্যে কিছু আছে যাদের বায়োলজিক্যাল মা - বাবা কেউই নেই। কিছু শিশু আছে যাদের মা অথবা বাবা দুজনেই মারা গেছেন। এছাড়াও কিছু শিশুর বাবা - মা কে উপার্জনের জন্য বাইরে থাকতে হয়। শিশুর সৃষ্ট বিকাশে ভূমিকা রাখে প্রয়োজনীয় খেলা ও পড়ার উপকরণ। সেইসঙ্গে সঠিক তদারকিও। অনেক শিশুই আছে, যারা কোনো না কোনোভাবে শারীরিক ও মানসিক পীড়নের শিকার হচ্ছে।

একটি শিশুর সামাজিক, শারীরিক মানসিক ও ভাষাভিত্তিক বিকাশের জন্যে খেলাধুলা অত্যন্ত প্রয়োজনীয়। শিশুরা যখন খেলা করে, তখন তারা বিভিন্ন বিষয় আবিষ্কার অনুসন্ধান, করে নতুন চিন্তার উন্নয়ন ও তাদের শিক্ষার বিভিন্নদিক প্রসারিত করার সুযোগ পায়।

শিশুরা খেলার মাধ্যমে পারস্পারিক মতবিনিময়, পরিকল্পনা করা, সমস্যা সমাধান, নতুন কিছু সৃষ্টি করা ও বাস্তব জীবনের অনেক দক্ষতা অর্জনের সুযোগ পায়। আগেকার দিনের পড়াশোনার ধরণ যাই থাকুক না কেন বিদ্যালয়ের আঙ্গিনা ছিল খোলামেলা। শিশুরা সুযোগ পেলেই ক্লাস শুরুর আগে ও পরে মাঠে দৌড়া দৌড়ি করতে পারত। খেলতে পারতো। কিন্তু এখন আর আগের মত সেই সুযোগ নেই।

কিছু ক্ষেত্রে আবার পরিবার ও প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি প্রদান করা হয়, শিশুকে দারুণভাবে যা কষ্ট দেয়। সহপাঠীদের সামনে অপমানের যন্ত্রনা সে খুব কষ্ট পায়। সে নিজেকে অপরাধী, ছোট ও হীন মনে করে শারীরিক ক্ষতি সহজে মিটে গেলেও শিশুর মধ্যে অপমানবোধ সহজে শেষ হয় না। দুঃখ, ভয়, ক্রোধ, মানসিক দুশ্চিন্তা ও শাস্তির কারণে শিশুরা কম শেখে।

শিশুরা খুবই আনন্দপ্রিয়। তারা আনন্দময় পরিবেশেই বেশি শেখে। শিশুরা শিক্ষককে দেখে পরোক্ষ ভাবে শাস্তি বা মারামারি করা শেখে। স্বাভাবিকভাবেই শিশুরা অনুকরণ প্রিয়। তাই শিশুর আনন্দময় শিক্ষা নিশ্চিত করতে হবে, শিশুর সঙ্গে আদর - ভালোবাসা ও বিশ্বাসের সম্পর্ক তৈরী করতে হবে। তাঁর চাহিদা, মানসিকতা ও পছন্দকে গুরুত্ব দিতে হবে। খেলার মাঠে খেলা করতে দিতে হবে। উন্মুক্ত জায়গায় ঘুরতে দিতে হবে। মাঝে মাঝে শিশুর সাথে খেলতে হবে ও মজার মজার গল্প বলতে হবে। তাকে স্বাধীনতা দিতে হবে ও তার নিজেস্বতা প্রকাশ করার সুযোগ দিতে হবে।

বিদ্যালয়ের পিরিয়ডের ফাঁকে শিশুদের বিরতি থাকতে হবে। যাতে তারা হাফ ছেড়ে বাঁচতে পারে। বন্দুবান্ধবদের সাথে মতবিনিময় করতে পারে। হাসতে পারে মন খুলে কথা বলতে পারে। এগুলো প্রত্যেক শিশুর শারীরিক ও মানসিক বিকাশের জন্যে খুবই প্রয়োজন যা বুঝতে হবে আমাদের সমাজ, প্রতিষ্ঠান, শিক্ষক ও অভিভাবকদের।



আমাদের জ্ঞানজ্যোতি স্কুলের সম্পাদক শ্রী নরেশ চন্দ্র বর্মণ মহাশয়, তাঁর মায়ের স্মৃতির উদ্দেশ্যে বিদ্যালয়টি শুরু করেন। উদ্দেশ্য একটাই যাতে সমাজের সকল শ্রেণীর মানুষ খুব অল্পখরচে তাদের সন্তানদের উন্নতমানের শিক্ষা দিতে পারেন।

আমরা সকলেই স্বপ্ন দেখতে ভালোবাসি। আমাদের জীবনের প্রতিটি সাক্ষ্যের মুহূর্ত সন্তানের মধ্যে ও প্রতিফলিত হোক, এটা আমরা চাই। আমরা এই বিদ্যালয়ে প্রতিটি অভিভাবকের, প্রতিটি স্বপ্ন লালিত করছি। আমাদের বিদ্যালয়ের সীমিত পরিকাঠামোর মধ্যে আমরা প্রতিনিয়ত প্রয়াস চালিয়ে যাচ্ছি, আমাদের আগামী প্রজন্মকে মানুষের মতো মানুষ হিসাবে গড়ে তুলতে। এর জন্য আপনাদের সকলের সহযোগিতা প্রকাস্ত ভাবে কাম্য।

কবির ভাষায় বলতে গেলে — ‘এ বিশ্বকে শিশুর বাসযোগ্য করে যাব এ আমার দৃঢ় অঙ্গীকার।’







## ART AND CRAFT

Art and craft is creative work. Create a real thing from imagination. Art allows kids to show their creativity and express their feelings through colours and paints Basically children use their fingers in doing art work. It develops their motor skills. They use small muscles of their hands while using paint, colour or glue. They can able to create many new things. It helps to build. patience among children. Art and craft is a very important activity. It is very interesting activity for all age group. Art and craft are making things with one's own hands .

Art and craft is usually a hobby. Art is a very creative way of expressing things or feelings. It includes painting and drawing.

Madhubani painting is the best example of art. Art activities it also build. confidence in kids.

Thank you

**Tanushree Mandal**  
(Teacher / E.M.)

## My School My Pride

**My School My Pride**

**Where we had a wonderful school  
ride!**

**We read, we write**

**And make our future bright...!!**

**We learnt to respect...!!**

**Not to expect...!!**

**We laugh, we cry.**

**We play we study with our buddy...!!**

**and that is why we call**

**My school, my pride.**

**Kajal Sinha**  
**Class-I (E.M.)**

### A Small Advice

Every person has a beautiful mind. A beautiful mind. is one that no matter what, always tries to love and see the best in people. It is one that tries to laugh at the little things and smiles when in pain. A beautiful mind is the sort of mind that doesn't give up on stop living. A beautiful mind is joyful mind. A beautiful mind is focused on What is good, honorable and helpful to others and to oneself. We have to love ourself first before we can love other people. Kindness. are my pinnacle. Even if people are not Kind back to me atleast I know I have tried. to show love to them. I think of it as planting seeds But be careful that people don't take advantage of us and we have strong boundaries. Make yourself proud to be who you. are and you will find that your is that of purity you a be proud of and you can you say can have a beautiful mind.

Priyanka Roy

## YOGA (Art of living)

Have you ever heard of yoga? It's a cool and fun practice that helps us feel healthy and happy. Yoga is like a special exercise that makes our body, mind and heart all happy together.

In yoga, we do different poses called "asanas". These poses are like super-strechy. exercises that makes our body flexible and strong. We can become like superheroes as are bend, twist, and reach for the sky! Yoga helps us improve our balance and posture too, so we can stand tall like a tree.

Yoga is not just about moving our bodies; It's also about breathing and calming our mind. We learn to take deep breath like a dragon or a calm see. Breathing exercises in yoga help us feel peaceful and less stressed we can ever imagine we're blowing away all the worries and troubles with' each breath out!

Yoga teaches us to be present in the moment and pay attention to what's happening around us. We can become like detectives, noticing the sounds, smells and feelings. This helps us feel happier and more grateful for the little things in life, like a beautiful flower or a warm hug.

Yoga a is for everyone, no matter how old or young you are. We can do yoga at home in a park or ever in our class rooms. We can do yoga with our friends, family or ever our pets. it's a great way to bond and have fun together. All we need is a comfy space and a Smile on our face

yoga is like a magical Journey that brings happiness to our bodies, minds and hearts with yoga, we can stretch, breathe, and feel great! It's a fun and exciting way to stay healthy, calm, and full of Joy. So, let's roll out our mats, strike a pose, and let our inner yogi shine!.

"yoga is that art and science which is calculated to ensure an individual's perfect health for the body and is finite happiness for the mind and perfect Spiritual development of the soul!".

Name : Mahuya Ghosh  
Designation : Teacher

“জ্ঞানজ্যোতি একাডেমি ... ফিরে দেখা”

সায়নী মুখোপাধ্যায়-  
সহকারী প্রধান শিক্ষিকা।

আমার চোখে দেখা ‘জ্ঞানজ্যোতি একাডেমির’ উত্থান সম্পর্কে কিছু কথা সবাইকে জানাব। আজ আমরা যেখানে অর্থাৎ বিধানপল্লীতে যে বিদ্যালয়টি দেখতে পারছি তা কিন্তু প্রথমেই এতো বড় ও এখানে ছিল না। এটি প্রথমে ইন্দীরা পল্লীতে অবস্থিত ছিল। জ্ঞানজ্যোতি একাডেমি ২০১৩ সালের এপ্রিল মাসে প্রধান শিক্ষিকা শ্রীমতী মৌমিতা চ্যাটার্জীর হাত ধরে পথ চলা শুরু করে। মাত্র ৯ জন ছাত্র-ছাত্রী নিয়ে। জন্মলগ্ন থেকেই আমি এর সাথে জড়িত না থাকলেও আমার জীবনের ৮টি বছর এই বিদ্যালয়ের সঙ্গে জড়িয়ে আছে। আজ আমরা যাকে একটি প্রতিষ্ঠিত স্বনামধন্য বিদ্যালয় হিসাবে দেখছি সেটি কিন্তু একদিনেই সম্ভব হয় নি। এর পেছনে অনেক মানুষের পরিশ্রম লুকিয়ে আছে। কোনো কিছু প্রতিষ্ঠা করতে গেল আমরা জানি একটি জমির সবার আগে দরকার। আমাদের বিদ্যালয়ের সেক্রেটারী মহাশয়ের (শ্রী নরেশ চন্দ্র বর্মণ) পত্নী শ্রীমতী শোভা বর্মণ (ট্রাস্টি বোর্ডের অন্যতম সদস্য) এর নাম এখানে সবার আগে উল্লেখ করতেই হবে। তিনি এই জমিটি, যেখানে আমরা বর্তমান জ্ঞানজ্যোতি একাডেমিকে দেখতে পারছি তা ‘জ্ঞানোদীনী মেমোরিয়াল ট্রাস্ট’ কে দান করেন। এই বিদ্যালয়টি একটি ট্রাস্টের অন্তর্গত। এই বিদ্যালয়টি শ্রী নরেশ ও শ্রী সুরেশচন্দ্র বর্মণ মহাশয় ওনাদের, মায়ের স্মৃতির উদ্দেশ্যে তৈরি করেন। এই বিদ্যালয়ের উদ্দেশ্যই হলো প্রত্যেকটি ছাত্রছাত্রী যাতে সমাজে নিজেদের জায়গা করে নেয় অর্থাৎ সমাজের বৃক্কে একজন প্রকৃত মানুষ হয়ে ওঠে তার ভিত্তি তৈরি করে দেওয়া। যাতে পরবর্তী উচ্চশিক্ষার স্তরে গিয়ে তারা যাতে অসুবিধার সম্মুখীন না হয়। ছাত্র-ছাত্রীদের সংখ্যা যখন ক্রমশই বাড়তে থাকে তখন পরবর্তী কালে শ্রী নরেশচন্দ্র বর্মণ মহাশয় এই বিধান পল্লীতে ২০১৮ সালে বিদ্যালয়টিকে স্থানান্তরিত করেন।

এখন আমরা ফুলে, ফলে, সবুজে সতেজ যে বিদ্যালয়টি দেখতে পারছি তা কিন্তু প্রথমেই এতো সুন্দর ছিল না। এর কৃতিত্ব আমাদের সেক্রেটারী মহাশয়কে না দিলেই চলে না। তাঁর নিরলস প্রচেষ্টায় এবং শিক্ষাকর্মী ও সমস্ত শিক্ষিকাবৃন্দ ও ছাত্র-ছাত্রীদের সহযোগিতায় এই বিদ্যালয় এতো সুন্দর ভাবে গড়ে উঠছে। এখানে নাসারী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত দুই মাধ্যমেই শিক্ষাদান করা হয়। বর্তমানে এর ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৮০ এরও বেশী। জ্ঞানজ্যোতি একাডেমিকে দশম শ্রেণী পর্যন্ত নিয়ে যাওয়ার পরিকল্পনা আছে। শ্রী নরেশ চন্দ্র বর্মণ মহাশয় ও বর্তমান প্রধান শিক্ষিকা শ্রীমতী শোভা দাস সরকার ও অন্যান্য শিক্ষিকাদের নিরলস প্রচেষ্টা যে একদিন বাস্তবে পরিণত হবে এবং জ্ঞানজ্যোতির জ্ঞানের আলো চারিদিকে ছড়িয়ে পড়বে এই দৃঢ় বিশ্বাস নিয়ে আমরা এগিয়ে চলব।



“শীত কাল”

প্রিয়াংশু রায়- (B.M) (I)

ষড়ঋতুর দেশ বাংলাদেশ।

ছয়টি ঋতুর শীত অন্যতম ঋতু।

পৌষ ও মাঘ মাস শীত ঋতু।

এ সময় চারদিক ঘন কুয়াশায় ঢাকা থাকে এবং প্রচণ্ড শীত পড়ে শীতকালে দিন ছোটোও রাত বড় হয়। এই সময় মিস্তি খেজুরের রস পাওয়া যায়। গ্রামে শীতকালে বিভিন্ন ধরনের পিঠা পুলি তৈরি করা হয়। শীতকালে কমলা লেবু, আতা, কুল, প্রভৃতি ফল পাওয়া যায়। এইসময়ে গাঁদা, চন্দ্রমল্লিকা, সূর্যমুখী, ডালিয়া, চাঁপা, টগর প্রভৃতি ফুল ফোটে। শীতকালে বিভিন্ন ধরনের শাক সবজি পাওয়া যায়। যেমন - লাল শাক, পালং শাক, গাজর, লাউ, শিম, , বীট, ফুলকপি, বাঁধাকপি, মূলা, বেগুন, টমেটো প্রভৃতি। এ সময় গ্রামের পরিবেশ অতি মনোরম। ইংরেজিতে ডিসেম্বর মাসে ২৫ তারিখে আমরা বড় দিন পালন করা হয়। তাই শীত ঋতু আমাদের প্রিয় ঋতু।

## “স্মৃতির পাতায় শৈশব”

বন্দনা রায়

শিক্ষিকা (বাংলা মাধ্যম)

স্মৃতির পাতায় ডুব দিতে কার না ভালো লাগে ! সেই স্মৃতি রোমন্থন করতে গিয়ে চোখের সামনে ভেসে ওঠে এক রঙীন শৈশব ।

শৈশব মানেই প্রাণের উচ্ছ্বাস, শৈশব মানে হাজারো পাগলামি, তার সাথে প্রাণ খুলে হাসি, চিৎকার করে কান্না, অনেক আবদার আর এক আকাশ দুষ্টুমি । সঙ্গে মায়ের বকুনি আর অন্তরের লুকোনো ১০০% ভালোবাসা ।

মায়ার ডলফ বলেছেন — “ স্বপ্নকে বাস্তব রূপ দিতে প্রয়োজন একটি সুন্দর এবং কৌতূহলী শৈশব ।”

প্রত্যেকের শৈশব তার কাছে অত্যন্ত প্রিয় একটা সময় । সেই সময়ের ভাবনা গুলো ছিল ভীষণ স্বচ্ছ, কী ভীষণ সুন্দরছিল সেই শৈশব — যেখানে ছিল পরিবারের কঠোর শাসন — মায়ের শাস্তি - আর বাবার কাছে গিয়ে আবদার । সেই সময় বন্ধুদের সাথে প্রাণ ভরে মাঠে গিয়ে খেলেছি আমরা । হা ডু-ডু, কাবাডি, গোলাছুট, কানামাছি, চোর পুলিশ, লুকোচুরি আরও কতকি । হারিয়ে ফেলেছি বা হারিয়ে গেছে জীবনের পাতা থেকে সেই দিনগুলি । ভোর বেলা চুপি চুপি বিছানা থেকে উঠে দিদা ঠাকুমার সাথে ফুল তোলা - তার পর পড়তে বসা, সকালের পড়া সেরেই, দশটা হলে বই বগলে স্কুলে যাওয়া । স্কুলে গিয়ে প্রার্থনার লাইনে সবার আগে দাঁড়িয়ে জাতীয় সঙ্গীত গেয়ে নিয়ে ক্লাস রুমে গিয়ে বসে অংকের শিক্ষিকার অপেক্ষা করা । তার পর অংকের ক্লাসটা হয়ে গেলে মনে হতো সব পড়াই বোধহয় শেষ হয়ে গেছে । আমাদের সময়ে স্কুলে কোন বিদ্যুতের ব্যবস্থা ছিলনা, কিন্তু আনন্দ ছিল এতটাই বেশি সে, একদিন স্কুলে না গেলে মন খারাপ লাগত । পড়া না পারলে শাস্তি পেতে হতো । কিন্তু তার জন্য অভিভাবক রা কখন অভিযোগ জানাতে যেত না । উল্টো বাবা -মায়েরা বলতেন পড়া না করলে শাস্তি তো - তোমায় পেতেই হবে । সে যাইহোক - সেটা ছিল অতীত - আর এখন হল বর্তমান ।

যদিও সেই সময় বর্তমানের এই ‘মুঠোফোন’ নামক যন্ত্রের আবিষ্কার হয়নি । তাই হয়তো জীবনটা এত সুন্দর ছিল । তখন ফেসবুক ছিলনা, Vedio Game ছিল না Whats app ছিল না আর You-tube ও ছিল না । ভালো করে পড়াশুনা করলে, বড়দের আদর পাওয়া ছিল । কখন কোনদিন মায়ের বা ঠাকুমা /দিদার সঙ্গে কারোর বাড়ীতে বেড়াতে যাওয়া ছিল । কোথাও গিয়ে বা কারো বাড়ীতে গিয়ে নারকেল চিড়া খাওয়া ছিল । পাড়ায় কারো বাড়ীতে কোনো অনুষ্ঠান হলে, কাকিমা, জ্যাঠিমা পিসি / মাসিদের সাহায্য করা ছিল । কলাপাতায় নেমস্তম্ব বাড়ীতে খাওয়া ছিল । স্কুলে গিয়ে দরজায় চাপাদিয়ে ভেঙ্গে আম পেয়ারা বন্ধুদের সঙ্গে খাওয়া ছিল । বৃষ্টি পড়লে মাঠের জমা জলে দৌড়ানো ছিল । হারিয়ে যাওয়া সেই ছেলে বেলা যেন শুধু হাতছানি দিয়ে ডেকে বলে - “ আয় আয় কে যাবি, আয় কে মন-হারাবি এক মুঠো রোদ ধরতে”

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তার ভাষায় বলেছিলেন - আমাদের ছোট নদী চলে আঁকে বাঁকে । বৈশাখ মাসে তার হাটু জল থাকে..... । সত্যিই ছোট নদী ছিল - কাদায় ভরা রাস্তায় হাটা ছিল । গোরুর গাড়ি ও পার হয়ে যেতে দেখেছি শৈশবে । কিন্তু বর্তমান প্রজন্ম সেই ছেলেবেলা বা শৈশবের আনন্দথেকে বঞ্চিত ।

“আগে কি সুন্দর দিন কাটাইতাম” — সত্যিই তাই খালি পায়ে যে কোন রকমের পোশাক পড়েই টিনের একটা বাস্ক হাতে নিয়ে হাওয়াই চটি পরে একছুটে চলে যেতাম স্কুলে । বোতলে জল খাওয়া সেই সময় আমাদের জানাতাম না । চাপা কলে হাত দুটো জড়ো করে পিপাসা পেলে জল খেতাম । জল খেতে গিয়ে একটু জামাটা ভিজে যেত বৈকি — তাতে কি ! মজাতো হতো । বই এর মলাট লাগানোর জন্য ব্রাউন পেপার তখন কিনতে পাওয়া যেত না । খবরের কাগজ অথবা পুরানো ক্যালেন্ডার দিয়েই বইয়ের মলাট লাগাতাম । অথবা জামা কাপড় কিনলে যে, ব্রাউন পেপারে বড় বড় প্যাকেট পাওয়া যেত তাই দিয়ে বইএর মলাট দেওয়া হত ।

আমরা তখন চিঠি লিখতাম। উৎসব, অনুষ্ঠানে পূজো পার্বনে, শুভেচ্ছা বিনিময়ের মাধ্যম ছিল চিঠি। বিজয়া দশমী, নববর্ষে, ভালোবাসায় এমন কি দুঃখ প্রকাশ করেও চিঠি লেখাই ছিল একমাত্র পথ। আমরা জানতামই না ইমোজি কি জিনিস। চিঠির ভাষাতেই আমাদের অনুভূতিগুলো প্রকাশ পেত। দুঃখ, সুখ, আনন্দ, বেদনা সবেতেই রবীন্দ্রনাথকে কাছে পেয়েছি। সবসময়ের, সর্বক্ষণের সঙ্গী ছিল “রবিঠাকুর।” তাঁর লেখা গান, কবিতা চিঠিপত্র সকল কিছুই এই জীবনে বড় হতে অনুপ্রাণিত করেছে।

রবিঠাকুরকে সঙ্গে নিয়েই বলতে ইচ্ছে হয় —  
 মনে ছবি আসে — ঝিকিমিক বেলা হল -  
 বাগানের ঘাটে গা ধুয়েছে তাড়া তাড়ি  
 কচি মুখখানি - বয়স তখন ষোলো  
 তনু দেহখানি, ঘেরি যাচ্ছে ডুরে শাড়ি  
 তাম্র থালায় গোড়ে মালাখানি গেঁথে  
 সিন্ধু রুমালে যত্নে রেখেছ ঢাকি,  
 ছায়া হেলা ছাদে মাদুর দিয়েছ পেতে —  
 কার কথা ভেবে বসে আছ জানি না কি ??



# FEAR

## Fright Entered Amid Rest

She is asleep.  
snoring quietly  
awaking a while after  
sitting uprightly on her couch  
without notice  
fear enclosed her  
why am I frightened? asked the  
Voice of mind said loudly,  
fear of the hidden  
fear of the failure  
fear of the unrevealed  
Fright Entered Amid Rest  
I must rest,  
I must remain calm  
no cause to be afeared  
creator is on guard - The mumbled  
without notice.  
untrue facts vanished.

**Bhaswati Roy**  
**Teacher (E.M.)**